102

দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 JAN 1998
পৃষ্ঠা 77 কলাম ৬

## ডিগ্রী বাংলা পরীক্ষা ১৪ ফেব্রুয়ারি পুনরায় অনুষ্ঠিত হবে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৭ সালের ডিগ্রী (পাস) পরীক্ষার বাংলা (জাতীয় ভাষা) বিষয়ের পরীক্ষা পুনরায় অনুষ্ঠিত হবে। সারা দেশের সকল কেন্দ্রের পরীক্ষা আগামী ১৪ ফেব্রুয়ারি সকাল ১০ টায় অনুষ্ঠিত হবে। ৮ জানুয়ারি জাতীয় বিশ্ববিদ্যালয়ে সিন্ডিকেটের এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলা বিষয়ে প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত তদন্ত কমিটির প্রতিবেদন এবং একাডেমিক কাউন্সিলের সুপারিশ বিবেচনা করে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে বিশ্ববিদ্যালয় জানিয়েছে। এদিকে গত বৃহস্পতিবার টেলিভিশন সংবাদে পরীক্ষা পুনরায় গ্রহণের সংবাদ পরিবেশন করা হলে অভিভাবকদের মধ্যে উদ্বেগের খবর পাওয়া যাচ্ছে।